সুপ্রিয় বিসিএস ভাইভা প্রত্যাশীগণ,

আস্‌সালামু আ'লাইকুম। বাংলাদেশ সিভিল সার্ভিসের গৌরবোজ্জ্বল ইতিহাসের অংশ হতে আপনারা মাত্র একটি ধাপ দূরে অবস্থান করছেন। যেকোনো দেশের মৌলিক উন্নয়নে সেদেশের সিভিল সার্ভিসের দক্ষতা এবং যোগ্যতা অন্যতম ভূমিকা রেখে থাকে। দেশের প্রতিটি সেক্টরের সকল স্টেক-হোল্ডারদের সাথে সু-সম্পর্ক রেখে সরকারের নীতির সঠিক বাস্তবায়নে যারা অগ্রগামী তারাই দেশের সিভিল সার্ভেন্ট। দেশের আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে নীতিমালা অনুযায়ী কর্মকাণ্ড পরিচালনার দায়িত্ব আসলে সিভিল সার্ভিসের অফিসারদের। আর তাইতো নিজের জ্ঞানকে সরকারের কর্মযজ্ঞে ব্যবহার করে আড়ালে থেকে দেশের জন্য পরিশ্রম করার প্রত্যয়ে সিভিল সার্ভিস এগিয়ে যাচ্ছে।

সিভিল সার্ভিস পরীক্ষার ৩য় ধাপ ভাইভা পরীক্ষা। একজন বোর্ড চেয়ারম্যানের নেতৃত্বে (যিনি আবার সরকারি কর্ম কমিশনের সদস্য) একটি বোর্ডে সাধারণত তিন (০৩) জন সদস্য থাকেন। আপনাদের সর্বশেষ ভাগ্য নির্ধারণ আসলে তাঁদের হাত দিয়েই হবে। মনে রাখবেন, সরকারি কর্ম কমিশন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান থেকে ক্ষমতাপ্রাপ্ত। দেশের জন্য নিবেদিত এবং দেশের সত্ত্বাকে ধারণ এবং বহন করে থাকেন এমন অফিসারদের সুপারিশ করে থাকেন। আপনাদের নিয়োগ কিন্তু মহামান্য রাষ্ট্রপতি দিয়ে থাকবেন। তাই যোগ্য এবং বিচক্ষণ বোর্ড আপনাদের প্রতিটি মুভমেন্টের রেকর্ড রাখবেন। মনে রাখবেন, ভাইভা পরীক্ষা শুধু প্রশ্নোত্তরের পরীক্ষা না। এমন অনেক উদাহরণ আছে যেখানে প্রার্থী হয়তো অধিকাংশ প্রশ্নের উত্তর সঠিক দিতে পারেননি কিন্তু পছন্দসই ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়েছেন। তাই আপনাদের প্রবেশ থেকে প্রস্থান প্রতিটি মুহূর্তের পূর্ব থেকেই প্রস্তুতি নিন।

ভাইভা পরীক্ষার পূর্ব থেকেই অনেকে বিভিন্ন সদস্যদের পূর্ব ইতিহাস নিয়ে আলোচনা করে থাকেন। বিভিন্ন নামে তাদের অভিহিত করা হয়ে থাকে। কিন্তু বাস্তবতা হচ্ছে প্রায় প্রতিটি বোর্ড থেকেই প্রতি বছর (মেয়াদ সাপেক্ষে) সকল ক্যাডারে সুপারিশপ্রাপ্ত হয়ে থাকে। তাই নিজেদেরকে শানিত করুন, নিজেদেরকে গুছিয়ে রাখুন, যেকোনো পরিস্থিতির জন্য গোছানো প্রস্তুতিই আপনাদেরকে একটি ভালো ভাইভার জন্য প্রস্তুত করবে। **'উত্তরণ ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি'** বিসিএস এর তিনটি ধাপের জন্য গোছানো প্রস্তুতির প্রথম সংগঠক। এরই ধারাবাহিকতায় আপনাদের ভাইভার প্রস্তুতি ঠিক দিকে চালিত করতে **'ভাইভা অভিজ্ঞতা বুক'** এর সংযোজন। বইটি প্রস্তুত করার পূর্বে বিভিন্ন সার্ভিসে কর্মরত ক্যাডারদের কাছ থেকে পরামর্শ নেয়া হয়েছে। তাদের প্রস্তুতির সারমর্মকে পূর্ণাঙ্গ গবেষণা করেই এই বইটির সূচি এবং আলোচনা সাজানো হয়েছে।

প্রতিবারের মতো ভাইভা প্রস্তুতিতে বইটি আপনাদেরকে দারুণ সাহায্য করবে এটা আমাদের আত্মবিশ্বাস। আপনাদের উত্তরোত্তর সমৃদ্ধিই আমাদের কাম্য।

শুভকামনায়
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

# BCS ভাইভা
## বিগত বছরের অভিজ্ঞতা

**সার্বিক ব্যবস্থাপনায়**
উত্তরণ একাডেমিক টিম

**অনুপ্রেরণা ও সহযোগিতায়**
মাহমুদুল হাসান সোহাগ
মুহাম্মদ আবুল হাসান লিটন

**কৃতজ্ঞতা**
উদ্ভাস-উন্মেষ-উত্তরণ
শিক্ষা পরিবারের সকল সদস্য

**প্রকাশনায়**
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি

**অনলাইন পরিবেশক**
rokomari.com

**প্রকাশকাল**
জুলাই, ২০২৫

Fixed Price
৪৭৫/-
(চারশত পঁচাত্তর টাকা মাত্র)

# উৎসর্গ

অ-আ, ক-খ, ইংরেজি বর্ণমালা কিংবা গণিতের নামতা গোনা যাঁর হাত ধরে প্রথম শেখা। যাঁর চোখে চোখ রেখে আমরা দেখেছি নিজকে জয়ের প্রথম স্বপ্ন। যাঁর নিরলস চেষ্টায় আমরা বুঝতে শুরু করেছি পরিবার, পরিবার থেকে সমাজ, সমাজ থেকে রাষ্ট্র আর রাষ্ট্র থেকে বিশ্বকে।

হ্যাঁ, বলছি জীবনের প্রথম শিক্ষকের কথা যাঁর ব্যয়িত শ্রম এবং ত্যাগের কারণেই আজকের আমরা...

## পারস্পরিক সহযোগিতা-ই পারে
## পৃথিবীকে আরও সুন্দর করতে…

প্রিয় সুহৃদ,
আশা করি '**BCS ভাইভা অভিজ্ঞতা বুক**'টি আপনাদের কাছে যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হবে। আমাদের চেষ্টার বাহুল্য ছিল বইটি ত্রুটিমুক্ত রাখতে। কিন্তু কেউ আসলে ভুলের উর্ধ্বে নয়। হয়তো একেবারেই অপ্রত্যাশিত কিছু ভুল বইয়ে থেকে যেতে পারে। আমরা এর জন্য ক্ষমাপ্রার্থী। তবে শুদ্ধতার পথে চলতে আপনাদের সাহায্য কামনা করছি। কারো মনোযোগী দৃষ্টিতে কোনো ধরনের ভুল ধরা পড়লে নিম্নলিখিত ই-মেইলে তা অবহিত করলে কৃতজ্ঞ থাকবো। ইনশাআল্লাহ্ পরবর্তী সংস্করণে আমরা তা শুধরে নিবো।

Email : solution.uttoron@gmail.com

Email-এ নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবে-

**BCS ভাইভা অভিজ্ঞতা বুক**, পৃষ্ঠা নম্বর, অধ্যায়/টপিক/প্রশ্ন নম্বর, ভুলটা কী এবং কী হওয়া উচিত বলে আপনার মনে হয়।

**উদাহরণ: BCS ভাইভা অভিজ্ঞতা বুক**, পৃষ্ঠা নম্বর ৩৫, দেওয়া আছে BARD প্রতিষ্ঠিত হয় ১৯৫৯ সালে কিন্তু হবে ১৯৫৮ সালে।

ভুল ছাড়াও মান উন্নয়নে যেকোনো পরামর্শ আন্তরিকভাবে গ্রহণ করা হবে। পরিশেষে মহান আল্লাহর নিকট আপনাদের সাফল্য কামনা করছি।

শুভকামনায়
উত্তরণ
ক্যারিয়ার এন্ড স্কিলস একাডেমি


# কপিরাইট © ২০২৫ উত্তরণ

সমস্ত অধিকার সংরক্ষিত। এই বইয়ের কোনো অংশই প্রতিষ্ঠানের লিখিত অনুমতি ব্যতীত ফটোকপি, রেকর্ডিং, বৈদ্যুতিক বা যান্ত্রিক পদ্ধতিসহ কোনো উপায়ে পুনরুৎপাদন বা প্রতিলিপি, বিতরণ বা প্রেরণ করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

# সূচিপত্র


| ক্র. নং. | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| | **৪৪তম ভাইভা** | |
| ০১ | ভাইভা অভিজ্ঞতা (০১ - ৩৫) | ০২ |
| | **৪৩তম ভাইভা** | |
| ০২ | ভাইভা অভিজ্ঞতা (০১-২০) | ১০৭ |
| | **৪১তম ভাইভা** | |
| ০৩ | ভাইভা অভিজ্ঞতা (০১ - ২০) | ১৮৫ |
| | **৪০তম ভাইভা** | |
| ০৪ | ভাইভা অভিজ্ঞতা (০১ - ১৫) | ২৫৩ |
| | **মডেল ভাইভা** | |
| ০৫ | মডেল ভাইভা- ০১ | ৩০৮ |
| ০৬ | মডেল ভাইভা- ০২ | ৩১১ |
| ০৭ | মডেল ভাইভা- ০৩ | ৩১৬ |
| ০৮ | মডেল ভাইভা- ০৪ | ৩১৯ |
| ০৯ | মডেল ভাইভা- ০৫ | ৩২৩ |
| ১০ | মডেল ভাইভা- ০৬ | ৩২৬ |
| ১১ | মডেল ভাইভা- ০৭ | ৩২৮ |
| ১২ | মডেল ভাইভা- ০৮ | ৩৩১ |
| ১৩ | মডেল ভাইভা- ০৯ | ৩৩৫ |
| ১৪ | মডেল ভাইভা- ১০ | ৩৩৮ |

# ভাইভা অভিজ্ঞতা

# ৪৪ তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নামঃ আব্দুল্লাহ আল যুবাইর
বিষয়ঃ কৃষি
পছন্দক্রমঃ ...

বোর্ডঃ ড. নূরুল কাদির
সিরিয়ালঃ ...
সময়ঃ ১৫-২০ মিনিট

দরজা খুলে প্রবেশ করলাম এরপর চেয়ারম্যান স্যারকে লক্ষ্য করে সালাম দিলাম।

চেয়ারম্যান স্যার : এদিকে একটু এগিয়ে আসো।

আমি : এগিয়ে গিয়ে সামনে সোজা হয়ে দাঁড়ালাম।

চেয়ারম্যান স্যার : তুমি এখন কোথায় দাঁড়িয়ে আছ?

আমি : স্যার পিএসির চতুর্থ তলার ৪৩১ নম্বর রুমে দাঁড়িয়ে আছি।

চেয়ারম্যান স্যার : আচ্ছা বসো তুমি।

আমি : ধন্যবাদ জানিয়ে বসলাম।

চেয়ারম্যান স্যার : কত সালে পাস করেছ?

আমি : আমি ২০১৮ তে অনার্স কমপ্লিট করেছি।

চেয়ারম্যান স্যার : আচ্ছা তোমার প্রথম ও শেষ পছন্দ কী ছিল?

আমি : বললাম।

চেয়ারম্যান স্যার : তোমার শেষ পছন্দের কোড কত?

আমি : স্যারকে প্রথমে ভুল কোড বললাম।

চেয়ারম্যান স্যার : স্যার পেপার উল্টাতে উল্টাতে বললেন তাই নাকি।

আমি : এর মধ্যে আমার ডাউট হল যে আমি ভুল বলেছি। তাই দ্রুত স্যরি বলে শুদ্ধ কোডটা বললাম।

চেয়ারম্যান স্যার : ঠিক আছে । ফুড সেফটি ও ফুড সিকিউরিটি কী ও এর মধ্যে পার্থক্য বলেন।

আমি : উত্তর পুরোপুরি না দেয়ার আগেই স্যার গুড বললেন এবং ঠিক আছে ঠিক আছে বলে সমাপ্ত করলেন।

| *বৈশিষ্ট্য* | *ফুড সিকিউরিটি* | *ফুড সেফটি* |
|---|---|---|
| *i. সংজ্ঞা* | *ফুড সিকিউরিটি বলতে সকলের জন্য পর্যাপ্ত পুষ্টিকর ও নিরাপদ খাবারের নিয়মিত প্রাপ্যতা বুঝায়।* | *ফুড সেফটি হলো খাবার যেন জীবাণু, রাসায়নিক বা দুষণমুক্ত হয় সেটিকে বুঝায়।* |

| | | | |
|---|---|---|---|
| *ii.* | *মূল লক্ষ্য* | *সবার জন্য পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য প্রাপ্তি নিশ্চিত করা।* | *খাবার যেন ক্ষতিকর মুক্ত ও খাওয়ার জন্য নিরাপদ হয়।* |
| *iii.* | *পরিধি* | *ব্যাপক (খাদ্য উৎপাদন, সরবরাহ, বিতরণ, ক্রয়ক্ষমতা)।* | *সুনির্দিষ্ট (খাদ্য প্রক্রিয়াজাতকরণ সংরক্ষণ, স্বাস্থ্যবিধি)।* |
| *iv.* | *উদাহরণ* | *একজন ব্যক্তি প্রতিদিন তিন বেলা খাবার পাচ্ছে কিনা।* | *সেই খাবারে ক্ষতিকর রাসায়নিক পদার্থ বা জীবাণু আছে কিনা।* |

চেয়ারম্যান স্যার : তুমি কি কার্বন সিকোয়েস্ট্রেশন সম্পর্কে কিছু জানো?

আমি : উত্তর দেয়ার পর স্যার হাসি মাখা মুখে ok ok good good বলে শেষ করলেন। *[বায়ুমণ্ডল থেকে কার্বন ডাই অক্সাইড ($CO_2$) শোষণ করে তা দীর্ঘমেয়াদে সংরক্ষণ বা ব্যবহারের প্রক্রিয়াকে কার্বন সিকোয়েস্ট্রেশন বলে। উদাহরণ: বনায়ন, ভূগর্ভস্থ কার্বন মজুদ।]*

চেয়ারম্যান স্যার : ওজন স্তর কোথায় আছে আর এটা কী?

আমি : উত্তর দিলাম। *[ওজোনস্তর হলো পৃথিবীর বায়ুমণ্ডলের স্ট্রাটোস্ফিয়ার অবস্থিত একটি স্তর, যেখানে ওজোন গ্যাসের ঘনত্ব বেশি থাকে, এবং এটি সূর্যের ক্ষতিকর UV রশ্মি শোষণ করে জীবজগতকে সুরক্ষা দেয়।]*

চেয়ারম্যান স্যার : এটা না থাকলে কি ক্ষতি হবে?

আমি : অবশ্যই স্যার, ক্ষতি হবে। পরে কী কী ক্ষতি হবে তা বললাম। *[ওজোনস্তর না থাকলে সূর্যের ক্ষতিকর রশ্মি সরাসরি পৃথিবীতে পৌঁছাবে। ফলে–*

*i. চামড়ায় বা ত্বকের ক্যান্সার;*
*ii. চোখে ছানি পড়বে;*
*iii. উদ্ভিদ ও ফসলের উৎপাদন হ্রাস পাবে;*
*iv. সামুদ্রিক জীববৈচিত্র্যের ভারসাম্য নষ্ট করবে;*
*v. জলবায়ু পরিবর্তন ত্বরান্বিত হবে।]*

চেয়ারম্যান স্যার : হাসি মাখা মুখে গুড ও ঠিক আছে বললেন। নিউক্লিয়ার এগ্রিকালচার কী? কোথায় ব্যবহার হয়?

আমি : উত্তর দেয়ার পর স্যার পজিটিভলি উত্তর গ্রহণ করলেন। *[নিউক্লিয়ার এগ্রিকালচার: পারমাণবিক প্রযুক্তি ব্যবহার করে কৃষিতে ফসলের উৎপাদন বৃদ্ধি, রোগ দমন ও টেকসই চাষাবাদ নিশ্চিত করার পদ্ধতিকে নিউক্লিয়ার এগ্রিকালচার বলে। উদাহরণ: রেডি ও আইসোটোপ ব্যবহার করে রোগ নির্ণয়, মিউটেশন, ব্রিডিং ইত্যাদি।]*

চেয়ারম্যান স্যার : বিনা কয়টা জাত উদ্ভাবন করেছে?

আমি : ১-২৬ পর্যন্ত ধানের জাত উদ্ভাবন করেছে।

চেয়ারম্যান স্যার : বাংলাদেশ যে ডেল্টা প্ল্যান গ্রহণ করেছে এটি আর কোন দেশ করেছে?

আমি : নেদারল্যান্ডস।

চেয়ারম্যান স্যার : আপনার কি মনে হয় বাংলাদেশে এটি বাস্তবায়ন করা সম্ভব?

আমি : স্যার এটি বাস্তবায়ন করা সম্ভব। যেহেতু ডেলটা প্ল্যান একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা তাই ধাপে ধাপে বাস্তবায়ন করতে হবে এবং পলিটিক্যাল স্ট্যাবিলিটি থাকতে হবে।

চেয়ারম্যান স্যার : আবারো গুড বললেন এবং জিজ্ঞেস করলেন বৈশ্বিকভাবে বা বাংলাদেশে কী আর কোনো ১০০ বছর মেয়াদি কোনো পরিকল্পনা গ্রহণ করেছে?

আমি : স্যরি স্যার, এটা আমার জানা নেই।

চেয়ারম্যান স্যার : হাসি মাখা মুখে। আচ্ছা তুমি এখন ধানের জিন ব্যাংক সম্পর্কে একটা নাতিদীর্ঘ বক্তৃতা দাও। কোনো ভূমিকা ছাড়াই।

আমি : দুই লাইন না বলতেই স্যার ঠিক আছে ঠিক আছে বলে ধন্যবাদ জানিয়ে থামিয়ে দিলেন?

চেয়ারম্যান স্যার : বায়োডাইভারসিটি কী?

আমি : উত্তর শেষ না হতেই স্যার হাসি মাখা মুখে বললেন ঠিক আছে এরপর ১ম এক্সটার্নাল স্যারকে প্রশ্ন করতে বললেন। *[বায়োডাইভারসিটি: পৃথিবীতে অসংখ্য জীব রয়েছে যেমন– উদ্ভিদ, প্রাণী, ছত্রাক, অণুজীব ইত্যাদি। এই সকল জীবের আকার, আকৃতি ও বৈশিষ্ট্যগত ভিন্ন বা বিচিত্রতা আছে। পৃথিবীর সকল প্রকার জীবের মধ্যে বিদ্যমান এই বৈচিত্র্যকেই জীববৈচিত্র্য বা বায়োডাইভারসিটি বলে।]*

এক্সটার্নাল-১ : Zero tillage এ কী কী চাষ হয়?

আমি : রসুন, পেঁয়াজ, গম, ভুট্টা ইত্যাদি।

এক্সটার্নাল-১ : উত্তর গ্রহণ করলেন। বাংলাদেশে আমরা কী ধরনের তেল পাই?

আমি : সয়াবিন, সরিষা, রাইস ব্রান অয়েল।

এক্সটার্নাল-১ : সয়াবিন থেকে বাংলাদেশে তেল হয়?

আমি : জি না স্যার,

এক্সটার্নাল-১ : কেন হয় না?

আমি : স্যার আমাদের তেল বের করার জন্য উন্নত মানের যন্ত্র নেই।

এক্সটার্নাল-১ : তাহলে দেশের সয়াবিন কী কাজে ব্যবহার হয়?

আমি : স্যার পোলট্রি ফিড হিসাবে ব্যবহার হয়।

এক্সটার্নাল-১ : দেশে তেলের চাহিদা কত ও উৎপাদন কত?

আমি : স্যার দেশে তেলের চাহিদা ২২-২৪ লক্ষ টন। উৎপাদন ৩ লক্ষ টন।

এক্সটার্নাল-১ : বর্তমানে খরিপ ২ তে একটা crops চাষাবাদের উদ্যোগ নেয়া হয়েছে সেই crops টা কী?

আমি : স্যরি স্যার এ ব্যাপারে আমার জানা নেই।

এক্সটার্নাল-১ হাসি মুখে মুখ ফিরিয়ে চেয়ারম্যান স্যারকে বললেন ঠিক আছে স্যার।

এক্সটার্নাল-২ : তোমার নাম কী?

আমি : বললাম।

এক্সটার্নাল-২ : আচ্ছা ইনি কে?

আমি : স্যার ইনি একজন সাহাবী।

এক্সটার্নাল-২ : ইনার সম্পর্কে ডিটেইলস বলেন?

আমি : স্যরি স্যার, আমার জানা নেই। ইনি একজন অপ্রচলিত সাহাবি ছিলেন তাই ইনার সম্পর্কে জানা হয়নি।

এক্সটার্নাল-২ : আচ্ছা development কী?

আমি : স্যরি স্যার। পরে ২য় এক্সটার্নাল এ বিষয়টি ব্যাখ্যা করলেন।

চেয়ারম্যান স্যার : আচ্ছা জুবায়ের তোমার documents নিয়ে যাও। documents নেয়ার জন্য ২য় এক্সটার্নাল এর কাছে গেলে উনি বললেন তোমার মূল স্মার্ট কার্ড কোথায় এটাতো সংশোধিত কার্ড।

আমি : স্যার যিনি কাগজপত্র সিরিয়াল করে দেন উনি বলেছেন যে সংশোধিত কপিটা দিলেই হবে।

এক্সটার্নাল-২ : মূল স্মার্ট কার্ডটা আছে?

আমি : জি স্যার আছে।

এক্সটার্নাল-২ : কোথায়?

আমি : স্যার আমার পকেটে আছে?

এক্সটার্নাল-২ : আচ্ছা বের করেন দেখি?

আমি : চেয়ারম্যান স্যারের কাছে স্যরি বলে কটি হালকা করে তুলে পাঞ্জাবির পকেটে হাত দিলাম।

চেয়ারম্যান স্যার : বললেন, ঠিক আছে। (২য় এক্সটার্নাল স্যার মূল স্মার্ট কার্ড ও সংশোধিত কার্ড মিলিয়ে দেখলেন।) আচ্ছা তোমার কী ভুল হয়েছিল যে তুমি সংশোধন করলা?

আমি : স্যার আমার বাবার নাম ও আমার নিজের নামে ভুল ছিল।

চেয়ারম্যান স্যার : তুমি সংশোধন কবে করেছ?

আমি : স্যার আমি ৪ বছর আগে সংশোধন করতে দিয়েছিলাম তবে পরীক্ষার আগে উঠিয়েছি।

চেয়ারম্যান স্যার : ঠিক আছে ধন্যবাদ, তোমার কাগজগুলো নাও।

আমি : (পরে কাগজ গুলো নিয়ে) সালাম জানিয়ে বের হলাম।

## ভাইভা অভিজ্ঞতা - ০২

নামঃ আশরাফুল আলম
বিষয়ঃ কৃষি
পছন্দক্রমঃ ...

বোর্ডঃ ডাঃ মোঃ আমিনুল ইসলাম
সিরিয়ালঃ ১১
সময়ঃ ০৭-০৮ মিনিট

অনুমতি চেয়ে ভেতরে গিয়ে সালাম দিলাম।

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান স্যার | : | তুমি আশরাফুল আলম? |
| আমি | : | জি স্যার। |
| চেয়ারম্যান স্যার | : | বসো। (ধন্যবাদ দিয়ে বসলাম) পড়াশোনা কোথায়? মাস্টার্স কীসে করেছো? |
| আমি | : | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। মাস্টার্স করেছি সাসটেইনেবল এগ্রিকালচারে। (বোর্ডের ৩ জনই অবাক হয়ে তাকিয়ে রইলো)। |
| এক্সটার্নাল-১ | : | আপনি বের হইছেন কবে? এটা কি নতুন কোনো সাবজেক্ট? কবে খুললো? আগে তো শুনি নাই? |
| আমি | : | ডিটেইলস বললাম। |
| চেয়ারম্যান স্যার | : | সাসটেইনেবল এগ্রিকালচারে কোন কোন বিষয় পড়ানো হয়? মেজর কী ছিল? |
| আমি | : | ডিটেইলস বললাম। |
| এক্সটার্নাল-১ | : | সাসটেইনেবল এগ্রিকালচার সম্পর্কে জানতে চাইলেন। কী কী কম্পোনেন্ট জানতে চাইলেন। |
| আমি | : | মেজরগুলো বললাম। *[পরিবেশের ক্ষতি না করে। বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের খাদ্য এ বস্ত্রের চাহিদা মেটাতে সক্ষম পরিবেশবান্ধব এমন কৃষি পদ্ধতিকে সাসটেইনেবল এগ্রিকালচার বলে।*<br>*প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার এবং পরিবেশের ক্ষতি না করে বর্তমান প্রজন্মের চাহিদা মেটাতে সক্ষম পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের চাহিদা পূরণের সক্ষমতাকে ক্ষতিগ্রস্ত না করে পরিচালিত কৃষি ব্যবস্থাকে সাসটেইনেবল এগ্রিকালচার হিসেবে বোঝানো হয়। এর কম্পোনেন্টগুলো হলো:*<br>▪ *পানি সংরক্ষণ*<br>▪ *মাটির স্বাস্থ্য*<br>▪ *জীববৈচিত্র্য*<br>▪ *সমন্বিত রোগ-বালাই ব্যবস্থাপনা ইত্যাদি।]* |
| এক্সটার্নাল-১ | : | উনি আরো ডেপথে জানতে চেয়ে নিজেই ২ টা উদাহরণ দিলেন। দিয়ে আমাকে জিজ্ঞেস করলো সেগুলোর দরকার আছে কিনা? |
| আমি | : | হ্যাঁ সূচক উত্তর দিলাম। |

| | | |
|---|---|---|
| **এক্সটার্নাল-২ (ম্যাম)** | : | সাসটেইনেবল যে বলতেছি সেখানে কীভাবে কাজ করতে হবে? |
| **আমি** | : | সংজ্ঞাসহ IPM, INM, Good varieties, Organic farming এর কথা বললাম। |
| **এক্সটার্নাল-২** | : | এতে করে প্রোডাকশনের পার্থক্য হবে কিনা? |
| **আমি** | : | পার্থক্য তো হবেই। (এক্সটার্নাল-১ স্যার টেনে নিয়ে শ্রীলংকার উদাহরণ টানলেন।) |
| **এক্সটার্নাল-১** | : | ফুড সিকিউরিটি সম্পর্কে বলো। (সাসটেইনেবল এগ্রিকালচারের সংজ্ঞা FAO যেভাবে দিয়েছে সেটা বলতে বললেন।) |
| **আমি** | : | ফুড সিকিউরিটি সম্পর্কে বললাম। সংজ্ঞা এক্সাক্টলি মনে ছিল না, পরে স্যরি বলে বলছি হুবহু মনে নেই তবে জিস্ট পয়েন্টগুলো বলছি। (স্যার একটু কষ্ট পাইছে)। *[ফুড সিকিউরিটি বলতে সকলের জন্য পর্যাপ্ত পুষ্টিকর ও নিরাপদ খাবারের নিয়মিত প্রাপ্যতা বুঝায়।]* |
| **এক্সটার্নাল-১** | : | আলুর দাম কেন বাড়ছে? গত বছর তো ৩০ টাকার উপরে উঠে নাই। এবার এতো বেশি কেন? |
| **আমি** | : | মিডলম্যানের কথা বললাম। কীভাবে কনজুমার লেভেলে দামটা বাড়ে সেটা বললাম। (স্যার একদম ভেতরের কথা জানতে চাচ্ছিলেন, স্যরি বললাম)। |
| **এক্সটার্নাল-১** | : | আসলে সরকারের কেউই আসল দিকটা জানে না। এপ্রিল-মে মাসে বৃষ্টি হলে কোল্ড স্টোরেজের মালিকরা ব্যবসা করার জন্য আলু কিনে নিয়ে বাড়িতেও মজুদ করে। তাই এপ্রিল-মে মাস পর্যন্ত আলুর দাম কম থাকে। তারপর আস্তে আস্তে বাড়তে থাকে। |
| **এক্সটার্নাল-২** | : | মাস্টার্সে কী নিয়ে কাজ করছি? কী কী কেমিক্যাল ব্যবহার করে? |
| **আমি** | : | থিসিসের টাইটেল বললাম (আনারসের উপর এগ্রোক্যামিকেল নিয়ে)। (আমি PGR বলা মাত্রই এক্সটার্নাল-১ স্যার কথা টেনে নিয়ে বলা শুরু করলেন। আমি তার কথাগুলো শুনে হ্যাঁ, না, জি স্যার বললাম। |
| **এক্সটার্নাল-২** | : | উনি 2, 4-D এর কথা বলার পর আমাকে জিজ্ঞেস করলো কখন দেয়? |
| **আমি** | : | বললাম যে রিসার্চে পেয়েছি ৩ ধাপে ক্যামিকেলগুলো উইজ করে। |
| **এক্সটার্নাল-১** | : | ফ্রুট মেচিউরের সময় দেয় নাকি আগে? |
| **আমি** | : | উত্তর দিলাম। (উত্তর নিলো)। |

বোর্ড চেয়ারম্যান স্যারকে বলতেছিল যে তার খুবই ভালো লাগছে আমার ব্যতিক্রম সাবজেক্টে মাস্টার্স করা দেখে। এটা নিয়ে কাজ করা উচিত।

চেয়ারম্যান স্যার বাকিদের জিজ্ঞেস করলো আমাকে ছেড়ে দিবে কিনা, ২ জনই ছেড়ে দিতে সম্মত হলে কাগজ নিয়ে ধন্যবাদ দিলাম। পরে সালাম দিয়ে বের হয়ে আসি।

অন্য বোর্ডের খবর জানি না, আমার বোর্ডের সবাই অনেক আন্তরিক এবং হেল্পফুল ছিল।

# ৪৩ তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

**নাম:** আহমেদ জাফর
**বিষয়:** ম্যানেজমেন্ট
**পছন্দক্রম:** প্রশাসন, পুলিশ, কাস্টমস...
**বোর্ড:** হেলালুদ্দিন আহমদ
**সিরিয়াল:** ১৩
**সময়:** ১২-১৩ মিনিট

**ফলাফল: ৪৩তম বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম: ২১)**

**আমি** : অনুমতি নিয়ে প্রবেশ করে সালাম দিলাম। কিছুক্ষণ ব্যক্তিগত কথাবার্তা বললেন, নাম ভার্সিটি এসব। আপনাদের ইউনিভার্সিটি তে মারামারি কেন হয়? পড়াশোনা হয় কিনা? আপনিতো হলে ছিলেন না মারামারির কারণ জানবেন না তাই।

কোথায় জব করেন? জবের কথা বলায় এনওসি চাইলেন। না থাকায় ফরওয়ার্ডিং চাইলেন। সেটাও ছিল না। এরপর বললেন এনওসি/ফরওয়ার্ডিং দেননি জবের কথা না বলতেন, কেন বললেন? আপনি না বললে তো আমরা জানতাম না আপনি জব করেন কিনা। আমি স্যরি বললাম।

**চেয়ারম্যান স্যার** : আচ্ছা কয়েকটি প্রশ্ন করি আপনাকে তাহলে, হাতিয়া একটি দ্বীপ, মাতারবাড়ীও একটি দ্বীপ। মাতারবাড়ি প্রকল্পগুলো বলেন?

**আমি** : উত্তর করলাম। *[মাতারবাড়ী ১২০০ মেগাওয়াট আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট, মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দর।]*

**চেয়ারম্যান স্যার** : গভীর সমুদ্র বন্দর বলা হয় কেন?

**আমি** : উত্তর করলাম। *[পানির গভীরতা অন্তত ১৫ মিটার/৪৯ ফুট বা তার বেশি হওয়ায় গভীর সমুদ্র বন্দর বলা হয়। এটি বৃহৎ আকারের জাহাজ যেমন কনটেইনার জাহাজ এবং তেল ট্যাঙ্কার যা পানিতে অনেক গভীরভাবে ডুবে থাকে সেগুলি নিরাপদে ভেড়াতে এবং পণ্যবাহী জাহাজ খালাস করতে পারে।]*

**চেয়ারম্যান স্যার** : টানেলের উদ্বোধন কত তারিখে?

**আমি** : উত্তর করলাম। *[কর্ণফুলী টানেল হলো বাংলাদেশের চট্টগ্রামের কর্ণফুলী নদীর তলদেশে নির্মিত একটি সড়ক সুড়ঙ্গ। টানেলটি চট্টগ্রাম শহরের পতেঙ্গা থেকে আনোয়ারা উপজেলাকে সংযুক্ত করেছে। টানেলটির দৈর্ঘ্য ৩.৩২ কিলোমিটার এবং প্রস্থ ১০.৮ মিটার। এটিতে দুটি লেন রয়েছে। টানেলটি ২০২৩ সালের ২৮ অক্টোবর প্রধানমন্ত্রী (সাবেক) উদ্বোধন করেন। টানেলটি নির্মাণে ব্যয় হয়েছে ১০,০০০ কোটি টাকা।]*

**চেয়ারম্যান স্যার** : টানেল কে করছে?

**আমি** : চীন/জাপান নিয়ে কনফিউজড, এই সহজ প্রশ্ন ভাইভা বোর্ডে মাথা কাজ করেনি।

চেয়ারম্যান স্যার : কনফিউজড? চট্টগ্রাম থাকেন এইটা পারা দরকার ছিল আপনার।

আমি : উত্তর করলাম। *[চায়না কমিউনিকেশন এ্যান্ড কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (সিসিসিসি)]*

চেয়ারম্যান স্যার : ইপিজেড কী?

আমি : উত্তর করলাম। *[ইপিজেড বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল হলো একটি বিশেষ অর্থনৈতিক অঞ্চল। বর্তমানে ৮টি সরকারি এবং ২টি বেসরকারি ইপিজেড রয়েছে (সরকারি **EPZ:** ঢাকা, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, ঈশ্বরদী, কুমিল্লা। বেসরকারি **EPZ:** উত্তরা কর্ণফুলী ও আদমজী)।]*

চেয়ারম্যান স্যার : কয়টি?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : চট্টগ্রামের গুলোর নাম বলেন?

আমি : উত্তর করলাম। *[চট্টগ্রাম ইপিজেড ও কর্ণফুলী ইপিজেড।]*

চেয়ারম্যান স্যার : আনোয়ারার টা কার? গেছেন?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : ওইটা কোন দেশ করছে?

আমি : উত্তর করলাম। *[আনোয়ারা ইপিজেড বাংলাদেশের চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলায় অবস্থিত। এটি একমাত্র কোরিয়া-বাংলাদেশ যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত ইপিজেড।]*

চেয়ারম্যান স্যার : প্রধানমন্ত্রীর (সাবেক) কোন প্রজেক্ট ভালো লাগছে আপনার?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : পদ্মা সেতুর অবদান?

আমি : উত্তর করলাম। *[পদ্মা সেতু দক্ষিণ পশ্চিমাঞ্চলের ২১ জেলাকে দেশের বাকী অংশের সাথে সরাসরি সংযুক্ত করেছে। এর ফলে যানবাহন চলাচলের সময় ও খরচ অনেক কমেছে। দক্ষিণ পশ্চিমাঞ্চলের পণ্য দ্রুত ও সহজে দেশের অন্যান্য অংশে এবং বিদেশে রপ্তানি করা সম্ভব হচ্ছে। নতুন শিল্প কারখানার স্থাপন বৃদ্ধি পাচ্ছে। এর ফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হচ্ছে। পর্যটনের প্রসারেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। শিক্ষা ও স্বাস্থ্যসেবার মান উন্নত হচ্ছে এবং দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।]*

চেয়ারম্যান স্যার : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের লেংথ কত?

আমি : ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে শুরু হয়ে কুতুবখালী পর্যন্ত যাবে। দৈর্ঘ্য-১৯.৭৩ কি.মি. (মূল পথ)+ ৪৬.৭৩ কি.মি. (সংযোগকারী রাস্তাসহ)। ২ সেপ্টেম্বর, ২০২৩ সালে বিমানবন্দর ফার্মগেট সেকশন উদ্বোধন করা হয়।

চেয়ারম্যান স্যার : আর কোথাও আছে?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : চট্টগ্রামের ওইটার লেংথ কত?

আমি : (স্যরি বলছি)। *[চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে দেশের দ্বিতীয় উড়ালপথ। এটি ১৯.২ কিলোমিটার এবং চার লেন বিশিষ্ট। এটির নির্মাণ শুরু হয়েছিল ২০১৭ সালে এবং ২০২২ সালে সম্পন্ন হয়।]*

চেয়ারম্যান স্যার : জাইকার কয়েকটা প্রকল্প বলেন?

আমি : (১ টা বলছি) *[ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট প্রকল্প, মাতারবাড়ী গভীর সমুদ্রবন্দর, চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়ক উন্নয়ন প্রকল্প, জয়দেবপুর-ঈশ্বরদী ডুয়েল গেজ ডাবল রেললাইন প্রকল্প।]*

চেয়ারম্যান স্যার : যুদ্ধের পর কোন দেশ আমাদের হেল্প করছে বেশি?

আমি : (জাপান বলার পর বলে ঠিক আছে ওরা তো আমাদের বন্ধু, স্পেসিফিক আর কোন দেশ? ভারত বললাম, উনি যুক্তরাষ্ট্র বলল)

চেয়ারম্যান স্যার : রপ্তানি কোন দেশে বেশি করে বাংলাদেশ ?

আমি : উত্তর করলাম। *[যুক্তরাষ্ট্রে]*

চেয়ারম্যান স্যার : আর কোন দেশের সাথে বাণিজ্যিক সম্পর্ক আছে?

আমি : উত্তর করলাম।

চেয়ারম্যান স্যার : ইউনেস্কো ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট কয়টি?

আমি : (এক্স্যাক্ট সংখ্যা জানতাম না, ৩/৫ নিয়ে কনফিউশানে ছিলাম, তাই স্যরি বলছি)। *[বাংলাদেশ ইউনেস্কো (জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা) ঘোষিত ওয়ার্ল্ড হেরিটেজ সাইট তিনটি ষাট গম্বুজ মসজিদ বাগেরহাট, পাহাড়পুরের বৌদ্ধ বিহার ও সুন্দরবন।]*

এক্সটার্নাল-১ : Industrial relation, industrial dispute?

আমি : Answered. *[Industrial relation encompasses the study and practice of maintaining harmonious and productive workplace environments while addressing issues related to wages, working conditions, employments rights and labor laws. Industrial dispute refers to disagreement or conflict between employers and employees.]*

এক্সটার্নাল-১ : CBA?

আমি : Answered. *[CBA (Collective Bargaining Agreement) is a legally binding agreement between employer and labor union that outlines the terms and conditions of employment for the workers represented by the union.]*

এক্সটার্নাল-১ : CBA এর কাজ?

আমি : Answered. *[CBA এর কাজ- কর্মচারীদের প্রতিনিধিত্ব, কর্মচারী-মালিকদের সম্পর্ক উন্নত করা, কর্মচারীদের ক্ষমতায়ন, শ্রমিক আন্দোলনকে শক্তিশালী করা, শ্রম আইন প্রয়োগ নিশ্চিত করা।]*

এক্সটার্নাল-১ : CBA and labour court এর মাঝের পার্টি কে?

আমি : মেডিয়েটর বলার সাথেই উনি বলল আর্বিটেটর।

এক্সটার্নাল-১ : হেলথ সেফটি কী?

আমি : Answered. *[হেলথ সেফটি বলতে বোঝায় কর্মক্ষেত্রে কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা। অর্গানাইজেশন হেলথ সেফটি নিশ্চিত করে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণের মাধ্যমে: কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্পষ্ট নীতিমালা তৈরি করা, কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা, কর্মক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করে সেগুলো নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা, স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা, প্রয়োজনীয় নিরাপদ ও উন্নতমানের সরঞ্জাম সরবরাহ করা ইত্যাদি।]*

এক্সটার্নাল-১ : অর্গানাইজেশনগুলো এইটা কীভাবে নিশ্চিত করে?

আমি : Answered. *[অর্গানাইজেশন হেলথ সেফটি নিশ্চিত করে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণের মাধ্যমে: কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য স্পষ্ট নীতিমালা তৈরি করা, কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা, কর্মক্ষেত্রে ঝুঁকি চিহ্নিত করে সেগুলো নিয়ন্ত্রণের পদক্ষেপ গ্রহণ করা, স্বাস্থ্য ও নিরাপত্তা পরিস্থিতি নিয়মিত পর্যবেক্ষণ করা, প্রয়োজনীয় নিরাপদ ও উন্নতমানের সরঞ্জাম সরবরাহ করা ইত্যাদি।]*

এক্সটার্নাল-১ : এইটা কোথায় বলা আছে?

আমি : 'লেবার ল' বলায় উনি বলল লেবার কোড।

এক্সটার্নাল-১ : 'লেবার ল' কত সালে?

আমি : ২০০৬ মাথায় আসতেছিল, ভুল হবে ভেবে স্যরি বলছি। *[বাংলাদেশের শ্রম আইন, ২০০৬ (সংশোধিত ২০১৮)। বাংলাদেশের শ্রমিকদের অধিকার, কর্তব্য এবং কাজের পরিবেশ নিয়ন্ত্রণের জন্য প্রণীত আইনকে লেবার ল বলা হয়। লেবার ল এর উদ্দেশ্য হলো শ্রমিকদের ন্যায্য মজুরি, কাজের নিরাপত্তা, স্বাস্থ্যবিধি, কল্যাণ ও কাজের সময় নির্ধারণ করা। 'লেবার ল' এর বিধানগুলো একত্রিত করে তৈরি করা একটি বিস্তারিত নীতিমালাকে লেবার কোড(২০২২) বলা হয়। লেবার কোড 'লেবার ল' এর বিধানগুলো স্পষ্ট ও সহজবোধ্য করে প্রয়োগের সুবিধা বৃদ্ধি করে।]*

এক্সটার্নাল-১ : আউটসোর্সিং কী?

আমি : Answered. *[আউটসোর্সিং হলো এমন একটি ব্যবসায়িক পদ্ধতি যেখানে কোনো প্রতিষ্ঠান তাদের কোনো কাজ বা সেবা চুক্তির মাধ্যমে বাইরের অন্য কোনো প্রতিষ্ঠান/ব্যক্তি দিয়ে করিয়ে নেয়।]*

এক্সটার্নাল-২ : কাঠ থেকে টেবিল বানানো হয়েছে, এইটা কী ধরনের ইউটিলিটি?

আমি : স্যরি বলছি। *[রূপান্তরমূলক ইউটিলিটি]*

এক্সটার্নাল-২ : ডিস্ট্রিবিউশন চ্যানেলগুলোর নাম বলেন?

আমি : পারিনি, এইটা পারা উচিত ছিল, বেসিক একদম। নার্ভাস ছিলাম না। না পারলে হাসিমুখে স্যরি বলেছি। ভুল বলার চেয়ে স্যরি বলা ভাল এইটা মাথায় গেঁথে ছিল। যার ফলে কয়েকটি সহজ প্রশ্ন উত্তর করতে পারিনি। রিস্ক নিলে পারতাম।

আমি মোটেও সন্তুষ্ট ছিলাম না। 12th fail মুভিতে মনোজ যেরকম ফেইলের বিষয়টি হাইড করেনি। তারপরে ওয়েস্ট অফ টাইম কমেন্ট করা। এসব দেখে সে ধরে নিয়েছিল তাকে ফেইল করাবে।

# ভাইভা অভিজ্ঞতা - ০২

নাম: নাফিস সাদিক
বিষয়: লেদার ইঞ্জিনিয়ারিং
পছন্দক্রম: প্রশাসন,ট্যাক্স,কাস্টমস...

বোর্ড:
সিরিয়াল: ৭
সময়: ২৭-২৮ মিনিট

ফলাফল: ৪৩তম বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত

**Me** : May I come in, Sir?

**Chairman Sir** : Yes, Please. Have a seat.

**Me** : Thank you, Sir.

**Chairman Sir** : Nafis Sadik, right?

**Me** : Yes, Sir.

**Chairman Sir** : Nafis, how much is your BCS?

**Me** : $43^{rd}$ is my $2^{nd}$ attempt for civil service.

**Chairman Sir** : As I can see you have been recommended as an Assistant Commissioner of Taxes in $41^{st}$ BCS.
Are you not satisfied with your job?
Why do you want to switch?

**Me** : Sir, I'm very satisfied with Taxation service and it was in one of the top positions of my choice list. But when I started off my preparation for Civil Service, I always dreamt myself as an admin cadre. And sir, I believe administration service would enable me with a more diverse portfolio of work where I would have the opportunity to work in the grassroot levels of the country and in places where I'll be able to use my knowledge and experiences which I've gathered over the years in a more profound way.

**Chairman Sir** : আপনার কী মাস্টার্স করা হয়নি?

**Me** : স্যার, আমার MBA শেষ। কিন্তু এখনো রেজাল্ট প্রকাশিত হয়নি।

**Chairman Sir** : Okay.আপনি তো সায়েন্স ব্যাকগ্রাউন্ড এর। একটা ছোট অঙ্ক দিচ্ছি। বলেনতো ঘড়ির কাঁটা যখন ০৩:২৭ এ তখন ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ কত?

**Me** : স্যার, ৫০-৬০° এর মধ্যে।

**Chairman Sir** : একুরেট ফিগারটা বলুন।

**Me** : স্যার করে দেখা লাগবে।
$[\left|\frac{১১M-৬০H}{২}\right| = \left|\frac{১১\times২৭-৬০\times৩}{২}\right| = \left|\frac{১১৭}{২}\right| = ৫৮.৫^\circ]$

**Chairman Sir** : এটাতো মুখে মুখে পাড়া যায়। আচ্ছা আপনি Smart Bangladesh and Digital Bangladesh নিয়ে বলুন। এদের মধ্যে কোনো পার্থক্য আছে?

**Me** : Sir, Smart Bangladesh is the upgraded version of Digital Bangladesh. Digital Bangladesh was first introduced by our Honorable Prime Minister (Former) back in December 12,2008 which dealt mostly with the digitalization of government services. Whereas "Smart Bangladesh" incorporates all facets of modern life and consists of 4 pillars. 1.Smart Economy 2.Smart Citizen 3.Smart Government 4.Smart Society. It is a follow up of the digital Bangladesh agenda with the aim of becoming a smart, digitally literate country by 2041.

**Chairman Sir** : "SMART" এর প্রতিটি বর্ণ একটি অর্থ বহন করে। কী সেগুলো?

**Me** : Sir, Specific, Measurable, attainable, Timely.
Sir, I'm sorry I can't recall what "R" stands for right now. *[“SMART” Stands for Specific, Measurable, Achievable, Relevant and Time-bound.]*

**Chairman Sir** : আপনার জানা উচিত ছিল। আপনার সরকার ব্যবস্থা নিয়ে ধারণা আছে?

**Me** : জি স্যার।

**Chairman Sir** : Nafis looked around you. (I started to look around the room)
No, I meant look around the Country; What do you see?

**Me** : Sir, I see a democracy which has developed in all sectors over the last 52 years, doing great economically, acclaimed across the world for its achievements in gender equality, poverty elevation, infrastructural development, disaster management and is still thriving.

**Chairman Sir** : Okay tell me, can a country do well under autocracy?

**Me** : Sir, May I have a few seconds please?
Sir, I don't think a country can thrive or excel under autocracy. Because even if the county is doing good economically, but that would not reflect the aspirations of its citizens. Thus it would not be a sustainable development.

**External-1** : নাফিস, আপনিতো লেদার ইঞ্জিনিয়ারিং এ পড়েছেন? আচ্ছা বলেনতো CETP কী আর আমাদের দেশে CETP কোথায় আছে? এবং সেটা কী এফেক্টিভ?

**Me** : CETP হলো Central Effluent Treatment Plant যা মূলত untreated and contaminated water কে বিভিন্ন চেম্বারে ট্রিট করে environmentally bearable condition এ এনে natural water bodies এ discharge করে।
স্যার, আমার দেখা মতে হাজারীবাগে ট্যানারি ইসটেইটে CETP রয়েছে। কিন্তু এটি কার্যকর ভাবে কাজ করতে পারছে না বলে ধলেশ্বরী নদীও বুড়িগঙ্গার মতো দূষিত হচ্ছে। *[সাভার ট্যানারি শিল্পেও CETP রয়েছে]*

**External-1** : বুড়িগঙ্গা দূষণ কেন হচ্ছে? এবং সরকার কী পদক্ষেপ নিয়েছে এটা দমন করতে?

**Me** : স্যার মূলত নিকটবর্তী কারখানাগুলো ETP স্থাপনসহ অন্যান্য রেগুলেশন না মেনে দূষিত পানি discharge করার ফলে এ দূষণ হচ্ছে। সরকার নানা পদক্ষেপ নিচ্ছে, যেমন: ETP compulsory কারণ, digital monitoring system, Mobile court etc.

**External-1** : আপনি প্রশাসন ক্যাডারে গেলে কী করবেন?

**Me** : স্যার আমি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে দূষণ রোধ করার ও শিল্প ও পরিবেশ আইন এর সম্পূর্ণ পালন নিশ্চিত করার চেষ্টা করবো।

**External-1** : Mobile court তো এখনই পরিচালিত হচ্ছে। আচ্ছা,আপনি মেগাপ্রজেক্ট নিয়ে বলুন। ঢাকায় তো মেট্রোরেল উদ্বোধন হচ্ছে, ঢাকার বাহিরে কী কী মেগাপ্রজেক্ট রয়েছে?

**Me** : স্যার, মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর, কর্ণফুলী টানেল, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র.. (স্যার থামিয়ে দিলেন)।

**External-1** : রূপপুর পারমাণবিক কেন্দ্র নিয়ে বলেন।

**Me** : উত্তর করলাম। *[রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র হচ্ছে ২৪০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র যা বাংলাদেশের পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার রূপপুরে অবস্থিত। এটি বাংলাদেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র যার প্রথম ইউনিট ২০২৪ সালের ডিসেম্বরে কার্যক্রম শুরু করার কথা। এই বিদ্যুৎ কেন্দ্রটি রাশিয়ার রোসাটোম স্টেট অ্যাটমিক এনার্জি কর্পোরেশন এর সহযোগিতায় নির্মিত হয়। এটি দুই ইউনিটে বিভক্ত (২ × ১২০০) মে.ও.। এটি বর্তমান সরকারের সর্বাধিক ব্যয়বহুল অবকাঠামোগত মেগা প্রকল্প। ব্যয় ধরা হয়েছে প্রায় ১ লক্ষ ১৪ হাজার কোটি টাকা।]*

**External-1** : আচ্ছা এটার কাঁচামাল কী?

**Me** : স্যার ইউরেনিয়াম

**External-1** : ইউরেনিয়ামটা কী? বাংলাদেশে কোথায় পাওয়া যায়? আমরা রূপপুর পারমাণবিক কেন্দ্রের জন্য কোথা থেকে সংগ্রহ করছি।

**Me** : স্যার, এটি একটি তেজস্ক্রিয় খনিজ পদার্থ যা প্রকৃতিতে আকরিক হিসেবে পাওয়া যায়। বাংলাদেশে কুলাউড়া পাহাড় ও কক্সবাজারে বালুর সাথে মিশ্রিত অবস্থায় পাওয়া যায়।
আমরা রাশিয়া থেকে সংগ্রহ করছি।

**External-1** : আমরা কেন বাংলাদেশ থেকে সংগ্রহ করছি না?

**Me** : স্যার, বাংলাদেশে উপস্থিত ইউরেনিয়াম খুবই অপ্রতুল, purification and extraction are costly. From environmental concern it's not feasible and we have also signed an agreement with Russia in 2013 where we have agreed to collect the Raw material of the Project from them.

**External-1** : উপমহাদেশে কোথাও কী ইউরেনিয়াম আছে?

**Me** : স্যার, আমার জানা মতে ভারতে মরুভূমি অঞ্চলে রয়েছে।

**External-1** : Are you sure? আর থাকলে কোন জায়গায় আছে?

**Me** : Sir, I've read somewhere that India is rich in Uranium. But I don't know the exact location sir. I'm sorry Sir, I'll further read on it.

**External-1** : আপনি কী খেলাধুলা করেন?

**Me** : না, স্যার।

**External-1** : আপনার বয়সের একজন স্পোর্টস লাইক করে না? কী করেন তাহলে অবসরে? what do you like?

**Me** : Sir, I like Painting, travelling, photography, cooking and Music.

**External-1** : কী ধরনের মিউজিক লাইক করেন?

**Me** : স্যার, ক্লাসিক্যাল যেমন: রবীন্দ্রনাথ, নজরুল গীতি ও ফোক।

**External-1** : আচ্ছা, পাকিস্তান আমলেতো রবীন্দ্র সংগীত চর্চা প্রায় নিষিদ্ধ ছিল। একজন বিখ্যাত রবীন্দ্র সংগীত শিল্পী ছিলেন যাকে ৭০ এর দশকে নির্মমভাবে হত্যা করা হয়। তিনি কে?

**Me** : Sir, I'm extremely sorry. আমার জানা নেই but I'll read on it sir.

**External-1** : আপনার জানা উচিত ছিল।

**Me** : I apologies, Sir.

**External-2** : Nafis, Do you know the Tax-GDP ratio of Bangladesh?

**Me** : Yes sir. it's around 7.8%.

**External-2** : Do you know it's one of the lowest across the world?

**Me** : Yes sir, I'm aware of that.

**External-2** : Then why do you want to switch? We need more energetic Officers like you who can help increase the tax revenue of the country.

**Me** : Sir, Taxation is a wonderful cadre service and I'm absolutely satisfied with it. But since I started preparing for civil service administration was my dream and hence, I'm here to try my luck. So that even if I don't get recommended, I don't have any regrets later on. It is just a personal choice Sir. To add with its Sir, I think even after being a part of the administrative service I can help in improving the tax portfolio.

**External-2** : How?

**Me** : স্যার অন্যান্য আয় বহির্ভূত কর সংগ্রহের মাধ্যমে ও কর রাজস্ব সংগ্রহে কোনো সমস্যা মোকাবিলায় ট্যাক্স ক্যাডারদের সহায়তা করার মাধ্যমে।

**External-2** : কী কী এমন কর আছে?

**Me** : স্যার, জল কর, ভূমি কর, হোল্ডিং ট্যাক্স।

**External-2** : Alright.এই উত্তরটা দিয়ে আপনি যেতে পারেন। আমাদের সংবিধানের ৭নং অনুচ্ছেদ নিয়ে বলুন।

**Me** : উত্তর করলাম। *[ ৭- অনুচ্ছেদে সংবিধানের প্রাধান্য ঘোষিত হয়েছে-*

*১. প্রজাতন্ত্রের সব ক্ষমতার মালিক জনগণ। সংবিধানের কর্তৃত্বে এই ক্ষমতার প্রয়োগ হবে।*

*২. সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন।*

*৭ক অনুচ্ছেদে সংবিধান বাতিল, স্থগিতকরণ ইত্যাদিকে অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। সংবিধানের প্রাধান্য খর্ব করে ও এর বাতিল, বিকৃতি ও বিনাশের চেষ্টা রাষ্ট্রদ্রোহিতার অপরাধ হিসেবে গণ্য হবে যার শাস্তি প্রচলিত আইনের সর্বোচ্চ দণ্ড যা এই মুহূর্তে মৃত্যুদণ্ড।*

*৭খ অনুচ্ছেদে বলা হয়েছে যে সংবিধানের প্রস্তাবনা, প্রথম ভাগ, দ্বিতীয় ভাগ, জরুরি অবস্থার বিশেষ বিবেচনা রক্ষা করে তৃতীয় ভাগ সম্পূর্ণ ও একাদশ ভাগের ১৫০ তম অনুচ্ছেদ মৌলিক বিধানাবলি হিসেবে গৃহীত হবে। ১৪২ ধারায় প্রদত্ত সংশোধনী বিধি দিয়ে এদের কোনও পরিবর্তন আনা যাবে না।*

**External-2** : আপনি আসতে পারেন।

**External-1** : ওয়েট।
আপনি আমাদের সংবিধানের মূলনীতিগুলো জানেন?

**Me** : জি স্যার। আমাদের সংবিধান ৪টি মূলনীতির উপর প্রতিষ্ঠিত। যথা: জাতীয়তাবাদ, সমাজতন্ত্র ও শোষণমুক্তি, গণতন্ত্র ও মানবাধিকার, ধর্মনিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা।

**External-1** : শোষণমুক্তি বলতে কী বুঝানো হয়েছে?

**Me** : বললাম। *[শোষণমুক্তি বলতে বোঝানো হয়েছে মানুষের উপর মানুষের শোষণ থেকে মুক্তি। শোষণমুক্তি বলতে নাগরিকদের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক বৈষম্য দূর করা এবং উক্ত বৈষম্যের ফলে যে সামাজিক অসমতা সৃষ্টি হয়েছে সেগুলোর মূলোৎপাটন করা বুঝায়। সকল নাগরিকের জন্য পর্যাপ্ত আশ্রয়, শিক্ষা, চিকিৎসা সেবা নিশ্চিত করে তাদের জীবনযাত্রার ন্যূনতম মান বজায় রাখা।]*

**External-1** : ঠিক আছে। আপনি আসুন।

**Me** : ধন্যবাদ স্যার।

**Chairman Sir** : Collect your documents.

ডকুমেন্ট কালেক্ট করে সালাম দিয়ে বেরিয়ে এলাম।

# ৪১তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

নাম: নিশাত তাসনীম
বিষয়: টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং
পছন্দক্রম: প্রশাসন, কর, তথ্য..........

বোর্ড: উত্তম কুমার সাহা স্যার
সময়: ১৯/০২/২০২৩
সময়: আনুমানিক ২০ মিনিট

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম-৫ম)

আমি : আসসালামু আলাইকুম।

চেয়ারম্যান স্যার : ওয়ালাইকুম আসসালাম। বসুন। মাস্ক খুলুন।

আমি : ধন্যবাদ স্যার।

চেয়ারম্যান স্যার : আপনার বাবার নাম সেহেলী ফেরদৌস?

আমি : খানিকটা ইতস্তত ভঙ্গিতে, জি না স্যার। আমার মায়ের নাম সেহেলী ফেরদৌস।

চেয়ারম্যান স্যার : ওহ্ হ্যাঁ। আপনার বাবার নাম এস এম গোর্কি। আচ্ছা গোর্কি এটা কেমন ধরনের পদবি? (অবাক হয়ে)

আমি : স্যার এটি পদবি নয়। এটিই আমার বাবার নাম।

চেয়ারম্যান স্যার : অদ্ভুত তো! ম্যাক্সিম গোর্কির নাম শুনেছেন?

আমি : জি স্যার। *[ম্যাক্সিম গোর্কি একজন সোভিয়েত লেখক ও সমাজতান্ত্রিক বাস্তববাদী সাহিত্যের প্রতিষ্ঠাতা। তার পুরো নাম অ্যালেক্সেই ম্যাক্সিমোভিচ পেশকভ।]*

চেয়ারম্যান স্যার : তার লেখা পড়েছেন কিছু?

আমি : জি স্যার। 'মা' উপন্যাসটি পড়েছি।

চেয়ারম্যান স্যার : কাহিনি বলেন দেখি।

আমি : স্যার উপন্যাসের কাহিনি আবর্তিত হয়েছে পাভেল নামে একজন বিপ্লবী শ্রমিককে কেন্দ্র করে। তার এবং তার মায়ের সংগ্রামী জীবনের পাশাপাশি রাজনীতি সচেতনতা এই উপন্যাসের মূল উপজীব্য।

চেয়ারম্যান স্যার : কোনো চাকুরি করেন?

আমি : না স্যার।

চেয়ারম্যান স্যার : বাবার টাকা বেশি নাকি শ্বশুরের টাকা বেশি যে তুমি এখনো বেকার?

আমি : স্যার আমার বাবার উচ্চাকাঙ্ক্ষা বেশি। তিনি আমাকে প্রশাসন ক্যাডার হিসেবেই দেখতে চান।

চেয়ারম্যান স্যার : না না এটা কোনো কথা হতে পারে না। আপনার বয়স কত? মেয়েদের যদিও বয়স জিজ্ঞাসা করা যায় না...

এক্সটার্নাল-১ : না না স্যার বয়স জিজ্ঞাসা করেন না।

চেয়ারম্যান স্যার : আচ্ছা না জিজ্ঞাসা করলাম। আমি তো দেখতেই পাচ্ছি। ২৬-২৭ বছরের একটা মেয়ে তুমি অথচ এখন পর্যন্ত তোমার কোনো ইনকাম নেই। বিদেশে তোমার চেয়ে অনেক কম বয়সেই ছেলেমেয়েরা ইনকাম করে। ব্যাপারটা কেমন হলো না?

আমি : স্যার আমি অফিসিয়ালি কিছু Earn না করলেও আনঅফিসিয়ালি করি।

চেয়ারম্যান স্যার : বাহ্ ভালো তো। সেটা কীভাবে?

আমি : স্যার আমি একটি প্রকাশনীতে অনুবাদক হিসেবে কাজ করি।

চেয়ারম্যান স্যার : কী কী বই অনুবাদ করেছেন?

আমি : মার্ক টোয়েন এর লেখা বই টম সয়্যারের দুঃসাহসিক অভিযান। আর একটি ইসলামিক বই।

চেয়ারম্যান স্যার : বেশ ভালো। "আমি মার্ক টোয়েনের সমাধি পরে গোর্কির কথা বলেছি।" গানটা শুনেছেন? কার বলতে পারবেন?

আমি : জি না স্যার।

চেয়ারম্যান স্যার : শোনেননি!! ভূপেন হাজারিকার গান।

আমি : আমার শোনা হয়নি স্যার।

চেয়ারম্যান স্যার : আচ্ছা এখন তো Google translator দিয়েই translate করা যায়। অনুবাদকের কী কোনো প্রয়োজন আছে?

আমি : স্যার, Google translator যেটা অনুবাদ করে সেটা আক্ষরিক অনুবাদ। তাতে সাহিত্যের রসকষ কিছুই থাকে না। আর মানুষ মন থেকে যেটা অনুবাদ করে তা অবশ্যই সাহিত্য গুণাগুণ সমৃদ্ধ এবং পড়তেও বেশি ভালো লাগবে।

চেয়ারম্যান স্যার : মাথা নাড়লেন। ম্যাডামকে প্রশ্ন করতে বললেন।

এক্সটার্নাল-১ : টেক্সটাইলের কোন সেক্টরে কী কী বর্জ্য পাওয়া যায়?

আমি : স্যার টেক্সটাইলের বর্জ্যগুলোকে কয়েক ভাগে ভাগ করা যায়। যেমন: Spinning এ hard waste, soft waste তৈরি হয়। Fabric manufacturing এ faulty fabric. Dyeing এর ক্ষেত্রে Unevenly dyed fabric এবং Apparel manufacturing এর ক্ষেত্রে fused wrongly cut and sewed fabric.

এক্সটার্নাল-১ : এই বর্জ্যগুলো কীভাবে ব্যবস্থাপনা করা হয়?

আমি : স্যার কিছু Wastage যেমন: Soft waste. এগুলো পুনরায় ব্যবহার যোগ্য যা Textile Processing এর পরবর্তী ধাপগুলোতে ব্যবহার করা হয়। এছাড়া যে Wastage পরবর্তীতে ব্যবহার করা যায় না। যেমন: Wet processing এর ক্ষেত্রে 'Sludge' জমা করে পরবর্তীতে অন্যান্য যেমন: সিমেন্ট এর কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। তারপরও যেগুলো কাজে লাগানো যায় না তা পৌরসভা বা সিটি কর্পোরেশন কর্তৃক নিষ্কাশিত হয় এবং মাটি চাপা দেওয়া হয়।

এক্সটার্নাল-১ : (মাথা নাড়লেন) ঠিক আছে। এক্সটার্নাল-২ কে আপনি ধরুন এবার।

এক্সটার্নাল-২ : আপনার প্রথম পছন্দ?

আমি : বিসিএস প্রশাসন।

এক্সটার্নাল-২ : মুক্তিযুদ্ধের সময় ২ ও ৮ নং সেক্টরের অধীনের এলাকাগুলো বলুন।

আমি : সেক্টর দুই এর অধীনে ছিল ঢাকা, নোয়াখালী, কুমিল্লা অঞ্চল। আর সেক্টর ৮ এর অধীনে ছিল কুষ্টিয়া, ফরিদপুর, যশোর অঞ্চল।

এক্সটার্নাল-২ : আপনি কি সঠিক বলছেন? আরেকবার ভেবে বলুন।
আমি : হুবহু আবার বললাম।
এক্সটার্নাল-২ : Rules of Business সম্পর্কে বলুন?
আমি : সরকারি দপ্তরসমূহে যে পদ্ধতিতে কার্য সম্পন্ন হয় তার সুনির্দিষ্টভাবে লিখিত রূপকে Rules of Business বলে।
এক্সটার্নাল-২ : সংবিধানে কী এ সম্পর্কে বলা আছে?
আমি : জি স্যার। ৫৬ (২) নং এ। (ভুল উত্তর। ৫৫(৬) নং অনুচ্ছেদে। স্যার শান্ত চোখে তাকিয়ে ছিলেন, কিন্তু কিছু বলেন নি।) *[বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুযায়ী ১৯৯৬ সালে প্রণীত একটি দলিল। Rules of Business বলতে বোঝায় এই দলিলটি অনুযায়ী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভিন্ন ডিভিশনের মধ্যে কার্যাবলী বণ্টন করা।]*
এক্সটার্নাল-২ : এটি কোথায় প্রণীত হয়?
আমি : মন্ত্রিসভার সাথে পরামর্শক্রমে রাষ্ট্রপতি এটি প্রণয়ন করেন।
এক্সটার্নাল-২ : মাঠ পর্যায়ে এর কোনো কাজ নেই?
আমি : স্যার নীতি প্রণয়নের পর মাঠ পর্যায়ে সেই ভাবেই কাজ সম্পন্ন হয়।
এক্সটার্নাল-২ : আপনি নিশ্চিত?
আমি : স্যার, আমার জানামতে এভাবেই কাজ হয়।
এক্সটার্নাল-২ : আচ্ছা ঠিক আছে।
চেয়ারম্যান স্যার : নারী ক্ষমতায়নে সরকারের এমন একটি ভূমিকার কথা বলেন যাতে সর্বস্তরের নারীদের সুবিধা হয়েছে?
আমি : স্যার আমাদের সংবিধানে...
চেয়ারম্যান স্যার : সংবিধান অনেক আগের ঘটনা। Recent কিছু বলুন?
আমি : বাবার নামের সাথে মায়ের নাম লেখা বাধ্যতামূলক করা।
চেয়ারম্যান স্যার : Very good.
এক্সটার্নাল-১ : ভালো বলেছেন।
চেয়ারম্যান স্যার : এখন একটা প্রশ্ন করব। এটা আপনাকে পারতেই হবে। Chat GPT এর নাম তো শুনেছেন। এর একটা সীমাবদ্ধতা বলুন।
আমি : (অনেক চিন্তা করেও মনে করতে পারলাম না। যদিও আমি জানতাম।)
চেয়ারম্যান স্যার : ২০২১ এর পরের আর কোনো তথ্য Chat GPT এর কাছে নেই।
আমি : স্যার আমি জানতাম কিন্তু মনে করতে পারছিলাম না। দুঃখিত। *[শতভাগ নির্ভুল উত্তর দিতে পারে না, রাজনৈতিক কোনো আলোচনা করতে পারে না, ভবিষ্যদ্বাণী করতে পারে না।]*
চেয়ারম্যান স্যার : আচ্ছা Chat GPT দিয়ে তোমার translation এর কাজ কেমন করা যায় দেখো তো।
আমি : জি আচ্ছা স্যার। আমি চেষ্টা করব।
চেয়ারম্যান স্যার : আচ্ছা এখন আসতে পারো। তোমার কাগজ পত্র নিয়ে যাও।
আমি : ধন্যবাদ স্যার। আসসালামু আলাইকুম।

# ভাইভা অভিজ্ঞতা – ০২

নাম: শেখ ইমাম মোশারফ
বিষয়:
পছন্দক্রম: পররাষ্ট্র, প্রশাসন, কাস্টমস..

বোর্ড: জনাব গোলাম ফারুক স্যার
সিরিয়াল: ০১
সময়: ২০-২২ মিনিট

ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত

**Me** : May I come in sir? সালাম দিয়ে বসলাম।

**Chairman Sir** : Job এর জয়েনিং কবে জিজ্ঞেস করলেন। প্রথম চয়েজ জিজ্ঞেস করলেন।

**Me** : Answered.

**Chairman Sir** : What is the uniqueness of UN Charter?

**Me** : Sorry sir. *[The uniqueness of UN charter is that it is considered an international treaty through which a country can deal with a wide variety of issues and show it's UN lower to all it's member states.]*

**Chairman Sir** : What are the factors of Economic Diplomacy?

**Me** : Tried to answer but due to the lack of solid knowledge couldn't answer. *[The main factors of economic diplomacy are more foreign investment, more trade and export diversity, transfer of technology, gainful employment of human resources.]*

**Chairman Sir** : When did Bangladesh apply for UN membership?

**Me** : Answered. *[25th August 1972 BD first applied for it's membership in UN. China placed it's vote against BD.]*

**Chairman Sir** : When it became UN member?

**Me** : Answered. *[17th September, 1974.]*

**Chairman Sir** : বাংলাদেশ কততম সদস্য?

**Me** : Answered. *[১৩৬তম।]*

**Chairman Sir** : UN এর অফিসিয়াল ভাষা কয়টি?

**Me** : Answered. *[৬টি (ইংরেজি, রুশ, স্প্যানিশ, ফরাসি, আরবি, মান্দারিন)]*

**Chairman Sir** : What are the basic differences amongst Agreement, Treaty, Convention, Protocols etc.

**Me** : (Tried to explain with my half-assed knowledge learnt from typical guide books. It literally bothered him. It would've been better if I had said sorry rather than bothering him with my answer.) *[Agreement, treaty, convention, and protocol are terms often used in legal and diplomatic contexts to describe different types of formal agreements or arrangements between parties. Here's how they generally differ.*

***Agreement:*** *A broad term that can refer to any mutual arrangement or understanding between parties. It can be formal or informal and may cover a wide range of subjects.*

***Treaty:*** *A formal and legally binding agreement between sovereign states or international organizations. Treaties are negotiated and signed by representatives of the parties involved and often require ratification or approval by the respective governments or authorities to become legally effective.*

***Convention:*** *Typically refers to a formal agreement between multiple parties, often countries or international organizations, to establish common rules, standards, or practices on specific issues. Conventions often involve broader participation and are aimed at achieving a common goal or addressing a particular problem.*

***Protocol:*** *A document that supplements a treaty or agreement by establishing additional rules, procedures, or guidelines. Protocols are often used to clarify or expand upon the provisions of a treaty or convention. They may be adopted at the same time as the main agreement or added later.]*

**Chairman Sir :** What's TICFA? Do you know anything about it?

**Me :** (Since I didn't have in depth knowledge, I said sorry) *[Trade and Investment Co-operation Forum Agreement বা টিকফা চুক্তি স্বাক্ষরিত হয় ২০০৩ সালে। পূর্বে এর নাম ছিল Trade and Economic Framework Agreement বা (TEFA) টিফা।]*

**Chairman Sir :** Second choice কী? প্রশাসন। স্থানীয় সরকার নিয়ে সংবিধানের কোন অনুচ্ছেদে বলা আছে? (আরও একটি প্রশ্ন করলেন স্থানীয় সরকার নিয়ে।

**Me :** সরি স্যার। *[সংবিধানের ৫৯ অনুচ্ছেদে]*

**Chairman Sir :** Third choice কী? কাস্টমস। Anti-Dumping কী?

**Me :** Explained. *[বাংলাদেশের এন্টি ডাম্পিং আইন ও বিধি অনুযায়ী, সরকার বিদেশি রপ্তানিকারকদের অনৈতিক বাণিজ্য চর্চার হাত হতে দেশীয় শিল্পের ন্যায় সংগত স্বার্থ সংরক্ষণের জন্য ডাম্পিং বিরোধী শুল্ক আরোপ করতে পারে। একে এন্টি ডাম্পিং বলে।]*

**Chairman Sir :** কোন parameter এর ভিত্তিতে মূল্য কম না বেশি নির্ধারিত হয় Anti-Dumping এ?

**Me :** Couldn't convince him. *[Margin of dumping, material injury, normal value, price depression, price disadvantage, price suppression, price undercutting etc.]*

**Chairman Sir :** Non-Tariff Barrier কী?

**Me :** Answered. *[শুল্ক আকারে আরোপ না করে যে বাধা প্রবিধান, শর্তাবলি, প্রয়োজনীয়তা, আনুষ্ঠানিকতা ইত্যাদি আকারে আরোপ করা হয়।]*

**Chairman Sir :** বাংলাদেশ কী GSP সুবিধা পায়?

**Me :** Answered. *[বাংলাদেশ GSP সুবিধা পায় প্রায় ৫২টি দেশে। তার মধ্যে অন্যতম কানাডা, যুক্তরাজ্য ও EU। বাংলাদেশ ২০২৭ সাল পর্যন্ত যুক্তরাজ্যে, ২০২৯ সাল পর্যন্ত EU এ এবং ২০৩৪ সাল পর্যন্ত কানাডা থেকে GSP সুবিধা পাবে।]*

**Chairman Sir :** UNCTAD full meaning.

**Me :** Answered. *[UNCTAD- United Nations Conference on Trade and Development.]*

**External-01** : তিনি আমাকে প্রায় দুই মিনিট ধরে বাইরের কোনো বই পড়া রয়েছে কিনা তা নিয়ে ঘাটালেন। পররাষ্ট্র নীতির উপর লিখিত বেশ কিছু বইয়ের উদাহরণ দিয়ে জিজ্ঞাসা করলেন তা পড়েছি কিনা। অবশেষে আমাকে জিজ্ঞাসা করলেন আমি পড়াশোনার বাইরে কী নিয়ে ঘাঁটাঘাঁটি করতে পছন্দ করি। উত্তর দিলাম যে আমি ACM Programming/Programming Contest করি। এই উত্তর শোনার পর তিনি আর আমাকে বই নিয়ে ঘাটেননি। তারপর জিজ্ঞাসা করলেন বাংলাদেশ ও পাকিস্তানের ভেতর তুলনামূলক পার্থক্য বর্ণনা করতে অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে monetary value গুলো মেনশন করে।

**Me** : কীভাবে উত্তর করব ভাবতে ভাবতে অন্য প্রশ্ন চলে গেলেন। *[বাংলাদেশের মাথাপিছু আয় ২৭৮৪ ডলার পাকিস্তানের ১৪৬১ ডলার। বাংলাদেশের মূল্যস্ফীতি ৯.৭৪%, পাকিস্তানের ২৯.২%। বাংলাদেশে ডলারের দাম ১১৭ টাকা পাকিস্তানে ২৭৮ রুপি। বাংলাদেশের রপ্তানি আয় পাকিস্তানের চেয়ে ২০ বিলিয়ন ডলার বেশি]*

**External-01** : ভিয়েতনাম ও বাংলাদেশের মধ্যকার যে দ্বৈরথ চলে তা নিয়ে কী জানি তা বলতে বললেন।

**Me** : বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যকার পোশাক রপ্তানিতে যে দ্বৈরথ চলে তা উল্লেখ করলাম।

**External-01** : ভিয়েতনাম সম্পর্কে কী জানো?

**Me** : দুঃখিত স্যার। *[World Trade statistical Review-2023 অনুযায়ী ২০২২ সালে ভিয়েতনাম তৃতীয় বৃহত্তম পোশাক রপ্তানিকারক দেশ ছিল। তারা ৩৫ বি. ডলারের পোশাক রপ্তানি করেছিল। যেখানে বাংলাদেশ রপ্তানি করেছিল ৪৫ বি. ডলার।]*

**External-01** : ভারতের জিডিপি কত? এরপর তিনি আমাকে শ্রীলঙ্কা, পাকিস্তান, মালদ্বীপের জিডিপি জিজ্ঞাসা করলেন।

**Me** : সরি স্যার। *[ভারতের জিডিপি ৩.৭৫ ট্রিলিয়ন ডলার (২০২৩), শ্রীলঙ্কা ৭৫.৩ বি. ডলার (২০২২), পাকিস্তান ৩৭৪.৭০ বি. ডলার, মালদ্বীপ ৬.২ বি. ডলার।]*

**External-01** : বাংলাদেশের জিডিপি জিজ্ঞাসা করলেন।

**Me** : এখানেও আমি সরি স্যার বললাম। স্যার আমাকে অভয় দিলেন। *[বাংলাদেশের জিডিপি ৫০,৪৮০২৭ কোটি টাকা (অর্থনৈতিক সমীক্ষা-২০২৪)]*

**External-01** : Ease of Doing Business এ বাংলাদেশের অবস্থান কততম?

**Me** : স্যার, তারা সর্বশেষ ২০১৯ সালে এ প্রতিবেদন প্রকাশ করেছে। সেই রিপোর্ট অনুযায়ী বাংলাদেশের অবস্থান ১৬৮তম।

**External-01** : এটি তো বাংলাদেশের জন্য খারাপ। বাংলাদেশে Foreign Investor দের আকর্ষণ করতে হলে তুমি তাদের কী কী বলবে? আস্তে আস্তে তোমার মতো করে বলো।

**Me** : বেশ সময় নিয়ে অনেকগুলো পয়েন্ট উল্লেখ করলাম সুন্দর করে। *[বাংলাদেশ সরকার বাংলাদেশকে দক্ষিণ এশিয়ার বিনিয়োগ কেন্দ্র হিসেবে উল্লেখ করেছেন কেননা এটি প্রায় ৩০০ কোটি মানুষের বাজার হতে পারে। বাংলাদেশে আছে পরিবেশবান্ধব শিল্পাঞ্চল যেখানে বিনিয়োগকারীরা OSS এর মাধ্যমে এক টেবিলে অনেকগুলো সুবিধা পাবেন। বিনিয়োগকারী আকাশ, সড়ক ও সমুদ্র পথে নিরাপদ যোগাযোগ ব্যবস্থা উপভোগ করতে পারবেন। এছাড়া নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, স্বল্প দামে শ্রমিক সুবিধা পানির পর্যাপ্ততা থাকায় বাংলাদেশ বিশ্বের প্রেক্ষাপটে আকর্ষণীয় বিনিয়োগ স্থান হতে পারে।]*

**External-01** : গণহত্যা সম্পর্কে কী জানো?

**Me** : স্যার, ১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাত্রে পাক হানাদার বাহিনী নিরস্ত্র বাঙালিদের উপর নির্মমভাবে গণহত্যা চালায়।

**External-01** : তোমার বাবার বাড়ি কোনটা? ওখানে কোথায় গণহত্যা ঘটেছে? পুরো ঘটনাটি বর্ণনা কর।

**Me** : খুলনা। চুকনগরের গণহত্যার কথা উল্লেখ করলাম। পুরো ঘটনার বর্ণনা শুরু করলাম। *[১৯৭১ সালে ২০ মে খুলনার ডুমুরিয়া উপজেলার চুকনগরে এই গণহত্যা চালায় পাক সেনাবাহিনী যা মুক্তিযুদ্ধের ইতিহাসে সর্ববৃহৎ একক গণহত্যা, বেলা ১১টা থেকে প্রায় ৩টা পর্যন্ত চলা এই গণহত্যায় শিকার হন প্রায় ১২ হাজারের বেশি মানুষ।]*

**External-02** : ১৯৯২ সালে World Earth Summit এ তিনটি কনভেনশন গৃহীত হয়। কনভেনশন গুলো কী কী?

**Me** : Sure না থাকায় সরি স্যার বললাম। *[(i) Convention on Biological Diversity. (ii) United Nations Framework Convention on Climate Change. (iii) United Nations Convention to Combat Desertification.]*

**External-02** : Have you heard the name ESCAP? What is the full meaning?

**Me** : Answered. *[Economic and Social Commission for Asia and the Pacific.]*

**External-02** : What are the reasons behind Sri Lanka crisis?

**Me** : প্রায় তিন মিনিট সময় নিয়ে পুরো ক্রাইসিসটির বর্ণনা দিলাম পয়েন্ট করে করে। পুরো ডেলিভারিটি ইংরেজিতে দিয়েছিলাম। কথা বলা খুবই fluent ও সাবলীল ছিল। কোনো জড়তা কাজ করেনি। আমার বলা শেষ করার পরেও স্যার আরো কিছু শুনতে চাচ্ছিলেন। তারপর অন্য প্রশ্নে গেলেন। *[Wrong decision of the law makers, white elephant like unnecessary Projects, sudden plan of green agriculture, huge Tax reduction for the citizens etc.]*

**External-02** : What is the position of Bangladesh in world economy?

**Me** : answered. *[35th]*

**External-02** : What is the position of Bangladesh in climate vulnerability?

**Me** : Answered. *[As per the report from the Global Climate Risk Index 2021, it is the seventh extreme disaster risk prone country in the world.]*

**External-02** : What do you think who are responsible for climate change?

**Me** : Answered. *[Most probably the developed countries like USA, China, UK etc. are the main responsible countries for climate change.]*

# ৪০ তম বিসিএস ভাইভা অভিজ্ঞতা

## ভাইভা অভিজ্ঞতা - ০১

**নাম: মো: আবু জাফর মজুমদার**
**বিষয়: পুরকৌশল বিভাগ (বুয়েট)**
**পছন্দক্রম: প্রশাসন ..........**

**বোর্ড: হামিদুল হক স্যার**
**সিরিয়াল: ২/১৫**
**সময়: ১৫-২০ মিনিট**

**ফলাফল: বিসিএস প্রশাসন ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম-৬ষ্ঠ)**

রুমে ঢুকে সালাম দিলাম। চেয়ারম্যান স্যার বললেন স্যানিটাইজ করো। তখন স্প্রে দিয়ে দরজার হাতল, চেয়ার, নিজের হাত স্যানিটাইজ করলাম। তারপর সালাম দিলাম। স্যার বসতে বললেন। বসে স্যারকে ধন্যবাদ দিলাম।

এক্সটার্নাল-১ : চিরস্থায়ী বন্দোবস্ত কী?

আমি : চিরস্থায়ী বন্দোবস্ত হলো এক ধরনের ভূমি রাজস্ব বা কর ব্যবস্থা। ১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিস বাংলা, বিহার ও উড়িষ্যায় এই ব্যবস্থা চালু করেন।

এক্সটার্নাল-১ : (উত্তরের মাঝখানে থামিয়ে দিয়ে স্যার বললেন) ৪টি সাল লিখো-১৯০৫, ১৯১৩, ১৯২০ এবং ১৯৬৬। আমি সাদা কাগজে এই ৪টি সাল লিখলাম। স্যার বললেন এই সালগুলোতে উল্লেখযোগ্য কী ঘটনা ঘটেছিল?

আমি : ১৯০৫ সালে বঙ্গভঙ্গ সংঘটিত হয়। ১৯১৩ সালের ঘটনা তাৎক্ষণিক মনে পড়ছিল না। বললাম স্যরি স্যার, ১৯১৩ সালের ঘটনা মনে পড়ছে না। ১৯২০ সালের ১৭ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মগ্রহণ করেন। ১৯৬৬ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফা দাবি ঘোষণা করেন।

চেয়ারম্যান স্যার : ১৯৬৬ সালের ঘটনা কবে কোথায় হয়েছিল বিস্তারিত বলো?

আমি : স্যার ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলের সম্মেলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফা দাবি উত্থাপন করেন এবং ২৩ মার্চ আনুষ্ঠানিকভাবে ঘোষণা দেন।

এক্সটার্নাল-১ : তুমি যেটি পারলেনা সেটি আমি বলে দিচ্ছি। ১৯১৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান।

আমি : আবারো স্যরি বললাম বিনয়ের সাথে।

এক্সটার্নাল-১ : রবীন্দ্রনাথ ঠাকুর যে নোবেল পুরস্কার পেয়েছিলেন সেটি এখন কোথায়?

আমি : স্যার, সেটি এখন চুরি হয়ে গিয়েছে।

এক্সটার্নাল-১ : নোবেল পুরস্কারটি কবে চুরি হয়েছিল? কে চুরি করেছে?

আমি : স্যরি স্যার। এই মুহূর্তে আমার মনে নেই। *[২৪ মার্চ, ২০০৪ সালে বুধবার শান্তিনিকেতন থেকে নোবেল পুরস্কার চুরি হয়েছিল।]*

এক্সটার্নাল-১ : এখন কী কোনো চাকুরিতে আছো?

আমি : জি ন্যা, স্যার।

এক্সটার্নাল-১ : তোমার প্রথম চয়েস কী?

আমি : স্যার, বিসিএস প্রশাসন।

এক্সটার্নাল-১ : বিসিএস প্রশাসন ক্যাডারের ইতিহাস বলো।

আমি : স্যার ১৭৭১ সালে লর্ড ওয়ারেন হেস্টিংস বাংলা প্রদেশকে ২৩টি জেলায় ভাগ করেন। ১৭৭২ সালে প্রতিটি জেলায় রাজস্ব আদায়ের জন্য একজন করে Revenue Collector অফিসার নিয়োগ দেওয়া হয়। পরবর্তীতে Revenue Collector কে রাজস্ব ও মেজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হয়েছিল।

এক্সটার্নাল-১ : থামিয়ে দিয়ে বললেন, তোমার জন্য আমার শেষ প্রশ্ন- রবীন্দ্রনাথ ঠাকুর যে বাংলাদেশের জাতীয় সংগীত রচনা করেছিলেন সেটি কোন শিল্পীর গান থেকে নিয়েছিলেন?

আমি : স্যার শিল্পীর নাম গগন হরকরা। গান-আমি কোথায় পাব তারে, আমার মনের মানুষ যে রে।

এক্সটার্নাল-১ স্যার এক্সটার্নাল-২ স্যার কে বললেন, স্যার আপনি প্রশ্ন করুন-

এক্সটার্নাল-২ : বাংলাদেশের জাতীয় প্রতীক সম্পর্কে কোথায় বলা আছে?

আমি : স্যার, বাংলাদেশের সংবিধানের ৪নং অনুচ্ছেদে জাতীয় প্রতীক সম্পর্কে বলা আছে।

এক্সটার্নাল-২ : কী বলা আছে সেখানে?

আমি : প্রজাতন্ত্রের জাতীয় প্রতীক হইতেছে উভয় পার্শ্বে ধান্যশীর্ষবেষ্টিত, পানিতে ভাসমান জাতীয় পুষ্প শাপলা, তাহার শীর্ষদেশে পাটগাছের তিনটি পরস্পর-সংযুক্ত পত্র, তাহার উভয় পার্শ্বে দুইটি করিয়া তারকা।

এক্সটার্নাল-২ : শাপলা ফুল, তারকা এগুলো দিয়ে কী বুঝায়?

আমি : চারটি তারকা চিহ্ন দিয়ে বাংলাদেশের সংবিধানের চারটি মূলনীতিকে নির্দেশ করা হয়েছে। পানি, ধান ও পাট প্রতীকে বৈশিষ্ট্যমণ্ডিত হয়েছে বাংলাদেশের নিসর্গ ও অর্থনীতি। এ তিনটি উপাদানের ওপর স্থাপিত জলজ প্রস্ফুটিত শাপলা হলো অঙ্গীকার, সৌন্দর্য ও সুরুচির প্রতীক। তারকাগুলোতে ব্যক্ত হয়েছে জাতির লক্ষ্য ও উচ্চাকাঙ্ক্ষা।

এক্সটার্নাল-২ : বাংলাদেশ জাতীয় প্রতীক কে কে ব্যবহার করতে পারেন?

আমি : স্যার মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী।

এক্সটার্নাল-২ : আরও দুইজন ব্যবহার করতে পারেন। তারা কারা?

আমি : স্যরি স্যার। আমার জানা নাই। *[স্পিকার এবং ডেপুটি স্পিকার]*

এক্সটার্নাল-২ : জেনে নিবা। এখন বলো Ease of Doing Business কী?

আমি : বিশ্বব্যাংক এবং IFC কর্তৃক প্রকাশিত একটি রিপোর্ট। একটি দেশে ব্যবসা করা কতটা কঠিন কিংবা সহজ প্রতি বছর তারই সূচক তৈরি করে বিশ্বব্যাংক।

এক্সটার্নাল-২ : Ease of Doing Business এ বাংলাদেশের অবস্থান কত?

আমি : ১৬৮তম।

এক্সটার্নাল-২ : আগে র‍্যাংক কত ছিল?

আমি : স্যার, ১৭৬ তম।

এক্সটার্নাল-২ : চতুর্থ শিল্প বিপ্লবে বাংলাদেশের কোন দুইটা প্রযুক্তি নাই?

আমি : স্যার, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও রোবোটিক প্রযুক্তি।

এক্সটার্নাল-২ : চতুর্থ শিল্প বিপ্লবের ফলে আমাদেরকে কী কী চ্যালেঞ্জের সম্মুখীন হতে হবে?

আমি : স্যার, গবেষণা খাতে উন্নতি করতে হবে এবং দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে হবে।

এক্সটার্নাল-২ : এর ফলে বাংলাদেশের কী ক্ষতিগ্রস্ত হবে?

আমি : স্যার, যেহেতু সবকিছু অটোমেশনের মাধ্যমে হবে, সেজন্য কিছু কর্মসংস্থান হ্রাস পাবে।

তারপর এক্সটার্নাল-২ স্যার চেয়ারম্যান স্যারের দিকে তাকিয়ে বললেন, স্যার আপনি প্রশ্ন করুন এবার। আমি চেয়ারম্যান স্যার এর দিকে তাকালাম স্যার বললেন, তুমি এবার আসতে পারো। তারপর এক্সটার্নাল-২ স্যারের কাছ থেকে আমার ফাইল নিতে নিতে চেয়ারম্যান স্যার প্রশ্ন করলেন তুমি পড়াশোনা করেছো কোথায়? আমি এবং এক্সটার্নাল-২ স্যার দুইজনেই একসাথে উত্তর করলাম স্যার বুয়েটে। এরপর স্যারদেরকে ধন্যবাদ ও সালাম দিয়ে রুম থেকে বের হয়ে গেলাম।

## ভাইভা অভিজ্ঞতা - ০২

| | |
|---|---|
| নাম: এইচ এম বনান | বোর্ড: ও এন সিদ্দিকা খানম স্যার |
| বিষয়: পুরকৌশল বিভাগ (বুয়েট) | সিরিয়াল: |
| পছন্দক্রম: পররাষ্ট্র .......... | সময়: ১০-১১ মিনিট |

**ফলাফল: বিসিএস পররাষ্ট্র ক্যাডারে সুপারিশপ্রাপ্ত (মেধাক্রম-১৭তম)**

বোর্ডের অধিকাংশ প্রশ্ন এক্সটার্নাল দুই স্যারই করেছিলেন। সিদ্দিকা খানম স্যার নিজে শুধু দুইটা প্রশ্ন করেছিলেন। প্রায় পুরো ভাইভাটা ইংরেজিতে ছিল।

**Candidate** : May I come in sir?

**Board** : Yes, come in. Take your seat.

**External-1** : Who are Rohingyas?

**Candidate** : The Rohingyas are an ethnic group, the majority of whom are Muslim, who have lived for centuries in the majority Buddhist Myanmar.

**External-1** : Did Bangladesh recognize them as Refugee?

**Candidate** : No.

**External-1** : What do we call them?

**Candidate** : We called them 'Forcibly displaced People of Myanmar'.

**External-1** : Why did they leave Myanmar?

**Candidate** : Due to gradual attack by military government over there in Myanmar.

**External-1** : What are the actions we've taken so far to repatriate them?

**Candidate** : Government has taken a lot of measures like- signing a physical arrangement agreement, negotiations by third party (Organization and Countries), government tried to repatriate them in two times but both of them went in vain due to unwillingness of Rohiangyas to return their motherland in fear of further persecutions.

**External-1** : What is your suggestion for the government to speed up the repatriation process?

**Candidate** : My Suggestions are: Use third party countries especially China and India to negotiate with the military government, To raise voice with Gambia for the implementation of the verdict given by ICJ, Bangladesh should use ASEAN or other regional organizations for negotiations which have an impact on military regime.

**External-1** : What is 'Seven Sisters'?

**Candidate** : The Seven Sisters of India refers to the states of Arunachal Pradesh, Assam, Meghalaya, Manipur, Mizoram, Nagaland, and Tripura.

**External-1** : What kind of advantages Bangladesh can take from this region?

**Candidate** : Bangladesh can take some advantages like: Earn money by giving them corridor or transit, Bangladesh can import hydroelectricity from these region with low cost, Bangladesh can earn money by giving them the opportunity to use our ports.

**External-1** : Why don't we take those opportunities now?

**Candidate** : We have started to take some initiatives recently. I hope we'll continue this procedure in future.

**External-1** : What is enclave? Why a lot of enclaves was created between Bangladesh and India?

**Candidate** : A distinct territorial, cultural, or social unit enclosed within or as if within foreign territory ethnic enclaves. It was a historical mistake we can say, this was created for the quick and erroneous demarcation by Radcliff Commission. Although, Bangabandhu Sheikh Mujibur Rahman signed Land Boundary Agreement with India in 1974 but that was not rectified in Indian parliament for the unwillingness of then government of India.

**External-2** : What is COP-26?

**Candidate** : The 2021 United Nations Climate Change Conference, more commonly referred to as COP-26, was the 26$^{th}$ United Nations Climate Change conference, held at the SEC Centre in Glasgow, Scotland, United Kingdom, from 31 October to 13 November 2021.

**External-2** : What are the proposals proposed by our Prime minister (Ex) in COP-26?

**Candidate** : Prime Minister Sheikh Hasina (ex) has placed four proposals to fight climate change. Those were (a) the major emitters of carbon gas must submit ambitious "Nationally Determined Contributions (NDCs)" to reduce global warming to 1.5 degrees Celsius; (b) the developed countries should fulfill their pledge of providing US$100 billion to the climate fund annually with a 50:50 balance between adaptation and mitigation;

(c) the developed countries should disseminate clean and green technology at affordable costs to most vulnerable countries and (d) the issue of loss and damage must be addressed, including global sharing of responsibility for climate migrants displaced by sea-level rise, salinity increase, river erosion, floods, and draughts.

**External-2** : What are the measures taken by Western worlds to counter BRI project of China?

**Candidate** : Some major measures are- Forming Security Alliance like- QUAD, AUKUS, Indo Pacific Strategy, Infrastructure projects by G7 countries etc.

**External-2** : What is 'Note Verbal'?

**Candidate** : A note verbale is a diplomatic communication from one government to another, delivered through each other's diplomatic representatives. Like many other diplomatic terms, note verbal is French, and literally means a verbal note, because it was meant to be delivered orally to the recipient.

**External-2** : What is the current relationship of Bangladesh with BRICS?

**Candidate** : Bangladesh has become member of New Development Bank of BRICS recently. (Contemporary Issues).

**Chairman sir** : What is Inclusive Development? Give an example in context to Bangladesh.

**Candidate** : Inclusive development is a “development that includes. marginalized people, sectors and countries in social, political and economic processes for increased human. ' Ekti Bari Ekti Khamar, Amar Gram Amar Sohor' are the model of inclusive development in Bangladesh.

চেয়ারম্যান স্যার : তোমার দ্বিতীয় পছন্দ কী?

আমি : বিসিএস প্রশাসন।

চেয়ারম্যান স্যার : তাহলে বলো এডমিন হলে কী গুণ থাকা দরকার যেকোনো দুইটা বলবা।

আমি : বলছি ইন্টিগ্রিটি আর লিডারশীপ।

চেয়ারম্যান স্যার : লিডারের দুইটা বৈশিষ্ট্য বলো-

আমি : আপোষহীন ও দৃঢ়চেতা হবেন একজন লিডার।

চেয়ারম্যান স্যার : আপনি বড় একটা গুণ বলেননি লিডারের এবং নিজেই বলে দিলেন একজন লিডার সকলের কথা শোনেন। এটা একজন নেতার সবচেয়ে বড় গুণ।

এরপরে পরিবার নিয়ে কয়েকটি ব্যক্তিগত প্রশ্ন আর শেষে এক্সটার্নাল স্যার সার্টিফিকেট নেওয়ার সময় বললেন ' বেস্ট অব লাক'। ধন্যবাদ।